দৈনিক বাংলা

তারিখ 15 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ২

46

## চট্টগ্রামে শিবিরের হামলা

# ছাত্রদলের দশ কর্মী আহত

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম, ১৪ নবেম্বর।– ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা আজ সোহরাওয়ার্দী হল থেকে জাতীয়তাবাদী ছাত্রদলের সমস্ত কর্মী ও নেতাদের বের করে দিয়েছে।

এছাড়া তারা গতকাল রাতে এফ রহমান হলের ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমানসহ কয়েকজন নেতার ওপর হামলা চালায়। এতে কমপক্ষে দশজন আহত হয়। গুরুতর আহত অবস্থায় মাহবুবকে চট্টগ্রাম মেডিক্যাল

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের দশ কর্মী

(প্রথম পৃঃ পর)

কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

শিবিরের হামলার প্রতিবাদে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে ক্লাস হয়নি।

বিক্ষুব্ধ ছাত্ররা ষোলশহর স্টেশনে সাটল ট্রেন আটকায়। চট্টগ্রাম রেল স্টেশন, ষোলশহর জংশন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ফ্যাকাল্টিতে শিবিরের হামলার প্রতিবাদে ছাত্রছাত্রীরা মিছিল বের করে। সকাল ১১টায় ফ্যাকাল্টিতে এক সমাবেশে বক্তারা বলেন, যে মুহূর্তে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিস্থিতি বিরাজ করছে সে সময়ে শিবিরের এই হামলা দুঃখজনক। এদিকে, ছাত্র শিবির কর্মীরা সিন্ডিকেটের নির্ধারিত সভা অনুষ্ঠানে বাধাদেয়।

### আমানের প্রতিবাদ

জাতীয়তাবাদী ছাত্রদলের আহবায়ক আমানউল্লাহ আমান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতা-কর্মীদের উপর ইসলামী ছাত্র শিবিরের হামলার নিন্দা করেছেন। ছাত্র শিবিরের ঐ হামলায় ছাত্রনেতা মাহবুবসহ ১০ জন ছাত্রদল নেতা ও কর্মী আহত হয়। আমান বিবৃতিতে অভিযোগ করেন যে, শিবির সন্ত্রাসের মাধ্যমে গণতন্ত্র ধ্বংস করতে চায়।